দৈনিক জনকণ্ঠ

48

তারিখ ... DEC 14 1999
পৃষ্ঠা ৩ কলাম ৭ ...

# শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার প্রচলনের আহ্বান

স্টাফ রিপোর্টার ॥ রফতানি সম্ভাবনাময় কম্পিউটার সফটওয়্যার ও ডাটাবেজের ওপর আয়োজিত এক সেমিনারে বক্তারা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার শিক্ষা কার্যক্রম প্রচলনের ওপর গুরুত্বারোপ করেছেন। ঢাকা চেম্বার ও সিআইপিই'র অর্থনৈতিক সংস্কার ও গবেষণা সহায়তা উইং যৌথভাবে এই সেমিনারের আয়োজন করে। এতে সভাপতিত্ব করেন ঢাকা চেম্বারের পরিচালক আফতাবুল ইসলাম। আহসান উল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মোহাম্মদ জাহিদ হোসেন মূল প্রবন্ধ উপস্থাপন করেন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ঢাকা চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি এমএইচ রহমান, মির্জা এ. মতিন, এএম মুবাশ্বের, মোহাম্মদ আজিজুর রহমান, আলী নূর সিদ্দিকী, ফজলুল করিম প্রমুখ।

ঢাকা চেম্বারের সভাপতি এমএইচ রহমান বলেন, দেশে সফটওয়্যার উন্নয়নে সরকারী নীতি ও বাস্তবতার মাঝে বিস্তর ফারাক রয়েছে। তিনি ভারতের প্রসঙ্গ টেনে বলেন, পার্শ্ববর্তী দেশ ভারত নতুন শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় কম্পিউটারের কার্যকর প্রশিক্ষণের ওপর জোর দিয়েছে। ২০০৮ সালের মধ্যে ১০০ বিলিয়ন ডলারের সফটওয়্যার রফতানির লক্ষ্যে তারা কাজ করছে।

অথচ আমাদের দেশে কার্যকর কোন উদ্যোগই নেয়া হচ্ছে না।

মূল প্রবন্ধে মোহাম্মদ জাহিদ হোসেন বলেন, বাংলাদেশে কম্পিউটার শিক্ষা অধিকাংশই বেসরকারী উদ্যোগ পরিচালিত। তথাকথিত আন্তর্জাতিক মানের বলা হলেও বেসরকারী খাতের তথ্য প্রযুক্তি প্রতিষ্ঠানগুলোর আরও মানোন্নয়ন দরকার। তিনি অভিযোগ আনেন যে, বেসরকারী আইটি ইনস্টিটিউশনগুলো আন্তর্জাতিক মানসম্পন্ন শিক্ষা কার্যক্রম ও পরীক্ষা পদ্ধতি অনুসরণ করে না।